



শেখ হাসিনার মুলনীতি
 গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.২০.০০৫.১৯.৮০৯

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
 চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
 স্থানীয় সরকার বিভাগ
 হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ‘জেলা পরিষদ উন্নয়ন সহায়তা’ খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে ‘চলমান অডিটরিয়াম/ ডাকবাংলা নির্মাণ’ শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

জেলা পরিষদ, ঝালকাঠি এর অধিক্ষেত্রে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ‘জেলা পরিষদ উন্নয়ন সহায়তা’ খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) ‘চলমান অডিটরিয়াম/ ডাকবাংলা নির্মাণ’ শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে উক্ত জেলা পরিষদের অনুকূলে ১৪৫.৭১ লক্ষ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ একান্তর হাজার) টাকা অবমুক্তির সরকারি মঙ্গুরি জ্ঞাপন করছি:

ক্র.	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়)
১.	ঝালকাঠি সদর উপজেলায় ১টি অডিটরিয়াম নির্মাণ	৮০.০০
২.	ঝালকাঠি নলছিটি উপজেলায় ১টি অডিটরিয়াম নির্মাণ	৬৫.৭১
মেট=		১৪৫.৭১

- ২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঙ্গুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ ‘জেলা পরিষদ উন্নয়ন সহায়তা’ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- ৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্যারক, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্যারক, ১৩ মার্চ ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৯৫ নং স্যারক এবং ১২ এপ্রিল ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৪৮ নং স্যারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:
- (ক) উক্ত নির্মাণ/ সংস্কার কাজের ডিজাইন ও প্রাকলন ইতৎপূর্বে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদিত না হয়ে থাকলে, তা প্রেরণপূর্বক অনুমোদন প্রহণ করতে হবে।
 - (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপি-এ-২০০৬, পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।
 - (গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
 - (ঘ) এ সংক্রান্ত অবয়বিত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।
- ৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঙ্গুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

শ্রী: /০২/০৫/২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্রিকী
 উপসচিব

ফোন: +৮৮০২২২৩০৫৫৫৬৮
 ই-মেইল: lgzp@lgd.gov.bd

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.২০.০০৫.১৯.৮০৯/১(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. জনাব আমির হোসেন আয়ু, মাননীয় সংসদ সদস্য, ঝালকাঠি-২, বাংলাদেশ জাতীয় সংসদ
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দ্র. আ. উপসচিব (বাজেট-১১ অধিকারী)
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিকারী, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি জেলা
১২. প্রোগ্রাম, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

শ্রী: /০২/০৫/২২
 মোহাম্মদ তানভীর আজম ছিদ্রিকী
 উপসচিব